

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
বাজেট অধিশাখা  
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।  
www.molwa.gov.bd

নম্বর: ৪৮.০০.০০০০.০০২.৩৪.০০৭.১২-৪৭৬

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৪  
১১ সেপ্টেম্বর ২০১৭

বিষয়: খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৬ এর ৩(বা) এবং ৫.১ অনুচ্ছেদ সংশোধন।

সূত্র: ক) সেনাসদর, এজি'র শাখা, বেতন, ভাতা এবং হিসাব পরিদপ্তর, ঢাকা সেনানিবাস-এর ২২ জুন ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.০৪০.০২.৩৮০১.১২.০১.পার্ট নং পত্র; এবং


খ) সেনাসদর, এজি'র শাখা, বেতন, ভাতা এবং হিসাব পরিদপ্তর, ঢাকা সেনানিবাস-এর ৮ আগস্ট ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.০৪০.০২.৩৮০১.১২.০১.পার্ট নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৬ এর ৩(বা) এবং ৫.১ অনুচ্ছেদে 'নির্ভরশীল' বলতে খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধার অবর্তমানে তাঁর স্ত্রী/স্বামী; স্ত্রী/স্বামীর অবর্তমানে পিতা/মাতা; স্ত্রী/স্বামী ও পিতা-মাতার অবর্তমানে পুত্র কন্যাগণকে বুঝাবে' মর্মে উল্লেখ রয়েছে। কিন্তু একাধিক স্ত্রী থাকলে ভাতার পরিমাণ কি হবে সে বিষয়ে নীতিমালায় কোন কিছু উল্লেখ করা হয়নি। তবে নীতিমালার ৬নং অনুচ্ছেদে 'এ নীতিমালায় অন্তর্ভুক্ত হয়নি এমন কোন বিষয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সিদ্ধান্তের ভিত্তিতে নিষ্পত্তি করা হবে'।

০২। খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৬ এর ৬নং অনুচ্ছেদের ক্ষমতাবলে ৩(বা) এবং ৫.১ অনুচ্ছেদে নিম্নবর্ণিত বিষয় অন্তর্ভুক্ত করা হলো:

ক্র: নং	খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৬-এর অনুচ্ছেদ নম্বর ও বিষয়	বিদ্যমান	সুপারিশ/প্রস্তাবনা
১.	৩। সংজ্ঞা:	(বা) 'নির্ভরশীল' বলতে খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধার অবর্তমানে তাঁর স্ত্রী/স্বামী; স্ত্রী/স্বামীর অবর্তমানে পিতা/মাতা; স্ত্রী/স্বামী ও পিতা-মাতার অবর্তমানে পুত্র কন্যাগণকে বুঝাবে।	(বা) 'নির্ভরশীল' বলতে- (i) খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধার অবর্তমানে তাঁর স্ত্রী বা স্ত্রীগণ/স্বামী; (ii) স্ত্রী বা স্ত্রীগণের/স্বামীর অবর্তমানে পিতা/মাতা; (iii) স্ত্রী বা স্ত্রীগণের/স্বামীর ও পিতা-মাতার অবর্তমানে পুত্র কন্যাগণকে বুঝাবে।
২.	৫। সাধারণ নিয়মাবলী:	(১) 'নির্ভরশীল' সংক্রান্ত বিশেষ বিধান: অন্য কোন বিধানে যাই বলা হোক না কেন, এ নীতিমালা অনুযায়ী খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধার নির্ভরশীল যদি স্ত্রী/স্বামী ব্যতীত পুত্র-কন্যা হন সে ক্ষেত্রে পুত্র-কন্যা সমহারে ভাতা প্রাপ্য হবেন।	(১) 'নির্ভরশীল' সংক্রান্ত বিশেষ বিধান: অন্যকোন বিধানে যাই বলা হোক না কেন, এ নীতিমালা অনুযায়ী- (ক) খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধার নির্ভরশীল যদি স্ত্রী বা স্ত্রীগণ/স্বামী হন সেক্ষেত্রে ভাতা প্রাপ্য হবেন। তবে একাধিক স্ত্রী'র ক্ষেত্রে প্রত্যেক স্ত্রী মৃত খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধার প্রাপ্য নির্ধারিত ভাতা সমহারে পাবেন। কোন স্ত্রী মৃত্যুবরণ করলে এবং সংশ্লিষ্ট খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধার পিতা/মাতা জীবিত না থাকলে মৃত স্ত্রী'র গর্ভে মৃত খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধার ঔরশজাত সন্তানগণ তাঁর প্রাপ্য অংশ সমহারে পাবেন। মৃত স্ত্রী'র প্রাপ্য ভাতার অংশ জীবিত কোন স্ত্রী প্রাপ্য হবে না। তবে এক্ষেত্রে মৃত স্ত্রী নিঃসন্তান হলে তার প্রাপ্য অংশ জীবিত স্ত্রী/স্ত্রীগণ সম্পূর্ণ বা সমহারে প্রাপ্য হবেন। (খ) স্ত্রী বা স্ত্রীগণের/স্বামীর অবর্তমানে পিতা/মাতা ভাতা প্রাপ্য হবেন; (গ) স্ত্রী বা স্ত্রীগণের/স্বামীর ও পিতা-মাতার অবর্তমানে পুত্র-কন্যাগণ ভাতা সমহারে প্রাপ্য হবেন।

০৩। এমতাবস্থায়, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৩ এর ৩(ঝ) এবং ৫.১ অনুচ্ছেদে অন্তর্ভুক্ত উল্লিখিত বিষয়ের আলোকে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ শফিকুল ইসলাম)

উপসচিব

ফোন: ৯৫৫০১৩৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সেনাবাহিনী প্রধান, বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৩। নৌবাহিনী প্রধান, বাংলাদেশ নৌবাহিনী, নৌ সদর দপ্তর, বনানী, ঢাকা।
- ৪। বিমানবাহিনী প্রধান, বাংলাদেশ বিমান বাহিনী, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৫। সিনিয়র সচিব/সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৬। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, রমনা, ঢাকা।
- ৭। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, বিজিবি সদর দপ্তর, পিলখানা, ঢাকা।
- ৮। মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা।
- ১০। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
- ১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি:

- ১। যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা জন্য অনুরোধ করা হলো)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সংরক্ষণ নথি।